



CUET, KUET ও RUET-এর ১ম বর্ষ/লেভেল-১ সমন্বিত ভর্তি প্রক্রিয়া

শিক্ষাবর্ষ : ২০২২-২০২৩

তারিখ: ২৮/০৮/২০২৩ ইং

ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

চুয়েট, কুয়েট ও রুয়েট এর বিভিন্ন বিভাগে স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ (শিক্ষাবর্ষ ২০২২-২০২৩) এর ভর্তির জন্য ১৭ জুন ২০২৩ খ্রি. শনিবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রকাশিত মেধা তালিকা হতে গত ২৭/০৮/২০২৩ ইং তারিখে ৩য় পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করা হয়। ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ৫৫০৭ হতে ৫৮৯৬ মেধাতালিকা পর্যন্ত এবং স্থাপত্য বিভাগের ৩২৩ থেকে ৩৮০ মেধাতালিকা পর্যন্ত শিক্ষার্থীদের বিভাগ ও বিশ্ববিদ্যালয়ের তালিকা <https://admissionckruet.ac.bd> এর ওয়েবসাইটে দেয়া হলো।

প্রার্থীদের জন্য লক্ষণীয় :

- ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ৫৫০৭ হতে ৫৭২০ মেধাতালিকা পর্যন্ত এবং স্থাপত্য বিভাগের ৩২৩ থেকে ৩৫৩ মেধাতালিকা পর্যন্ত শিক্ষার্থীদেরকে আগামী ২৯/৮/২০২৩ ইং (বিকাল ৪.০০ ঘটিকা) তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংকে ভর্তি ফি জমা দিতে বলা হচ্ছে। উক্ত তারিখের মধ্যে ফি জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
 - নোটিশ প্রাপ্তির পর থেকেই Automigration প্রক্রিয়া চালু হয়ে যাবে। প্রার্থীরা যদি তাঁদের প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগেই পড়তে ইচ্ছুক হয় তবে তাঁদের কে Automigration প্রক্রিয়া বন্ধ করতে হবে আগামী ২৯/০৮/২০২৩ ইং বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে। অন্যথায় তাঁদের মেধাস্থান এবং পছন্দক্রম অনুসারে বিশ্ববিদ্যালয় ও বিভাগ Automigration প্রক্রিয়ার মাধ্যমে পরিবর্তিত হবে।
 - প্রার্থীদের মেধাস্থান এবং পছন্দক্রম অনুসারে বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্ধারণ করে ৩০/০৮/২০২৩ ইং বেলা ১০:০০ টার মধ্যে ওয়েব সাইটে দেওয়া হবে।
 - ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ৫৭২৫ হতে ৫৮৯৬ মেধাতালিকা পর্যন্ত এবং স্থাপত্য বিভাগের ৩৫৪ থেকে ৩৮০ মেধাতালিকা পর্যন্ত শিক্ষার্থীরা প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগ না পাওয়ায় ভর্তির ফি জমা দেবে না। পরবর্তিতে আসন খালি হওয়া সাপেক্ষে ভর্তির জন্য তাঁদেরকে পর্যায়ক্রমে ডাকা হবে।
 - ৫৫০৭ হতে ৫৭২০ মেধাতালিকা পর্যন্ত যদি কোন শিক্ষার্থী ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ ও স্থাপত্য বিভাগ (উভয় বিভাগ) প্রাপ্ত হয়, তবে তাঁকে যে কোন একটি বিভাগ নির্বাচন করতে হবে এবং বিভাগ পরিবর্তনের Application জমা দিতে হবে আগামী ২৯/০৮/২০২৩ ইং তারিখের মধ্যে।
 - ভর্তি ফি জমা দানের পর সকল সনদপত্র সমূহ আগামী ০৫/০৯/২০২৩ ইং তারিখের মধ্যে জমা দানে ব্যর্থ হলে তাঁর ভর্তি বাতিল করা হবে।
- অনিবার্যকারণবশতঃ ভর্তির তারিখসমূহ পরিবর্তন করা হলে তা সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট <https://admissionckruet.ac.bd> এর মাধ্যমে প্রকাশ করা হবে।
 - ভর্তি সংক্রান্ত কোন তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে ০১৭৫৯১২৩১৪৮ (চুয়েট), ০১৭৯৯২৭৩৬৫৫ (কুয়েট) এবং ০১৩২৬৭৩৪৩৮৮ (রুয়েট) নম্বরে যোগাযোগ করা যাবে।

(অধ্যাপক ড. মোঃ রবিউল ইসলাম সরকার)

সদস্য-সচিব

Central Admission Committee (CAC)

CUET, KUET ও RUET স্নাতক ১ম বর্ষ/লেভেল-১

সমন্বিত ভর্তি পরীক্ষা (শিক্ষাবর্ষ ২০২২-২৩)

(অধ্যাপক ড. মোঃ রোকনুজ্জামান)

সভাপতি

Central Admission Committee (CAC)

CUET, KUET ও RUET স্নাতক ১ম বর্ষ/লেভেল-১

সমন্বিত ভর্তি পরীক্ষা (শিক্ষাবর্ষ ২০২২-২৩)